BANGLADESH GARMENT MANUFACTURERS
& EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২২/ ১১৮

১৫ জুন ২০২২

# সম্মানিত সদস্যগণের জন্য

**বিষয় ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত জনশুমারি ও গৃহগণনা ২০২২ কার্যসূচিতে সার্বিক সহযোগীতা প্রদান প্রসঙ্গে ।**

**প্রিয় মহোদয়,**

আস্‌সালামু আলাইকুম।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১৫ জুন ২০২২ তারিখ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম পরিচালনা করবে। উক্ত জনশুমারি ও গৃহগণনা ২০২২ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে মাঠ পর্যায়ে নিয়োজিত শুমারিকর্মীদের তথ্য প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

এ সংক্রান্ত তথ্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় প্রেরিত উপানুষ্ঠানিক পত্র নং- ৫২.০১.০০০০.৪০৯.৪৭.২৯৩.৫৩৮২, তারিখঃ ১৭ মে ২০২২ ও এফবিসিসিআই প্রেরিত পত্র নং- এফবিসিসিআই/টিএফ/২০২২/৩৫৪, তারিখ ০৭ জুন ২০২২ আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্বসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১৫/৬/২০২২

**মোঃ ফয়জুর রহমান**
মহাসচিব

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Secretary
Statistics and Informatics Division
Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh

উপানুষ্ঠানিক পত্র নং-৫২.০১.০০০০.৪০৯.৪৭.২৯৩-৫৩৮২

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ।
১৭ মে ২০২২ খ্রিস্টাব্দ।

প্রিয় মহোদয়,

আমরা অবগত আছি যে, স্বাধীন বাংলাদেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নির্দেশনায় ১৯৭৪ সালে প্রথম আদমশুমারি ও গৃহগণনা পরিচালিত হয়। এরই ধারাবাহিকতায় ১৯৮১, ১৯৯১, ২০০১ এবং ২০১১ সালে যথাক্রমে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়েছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে দশ বছর পর্যায়বৃত্তি অনুসরণপূর্বক ষষ্ঠ 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক আগামী ১৫ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত দেশব্যাপী পরিচালিত হবে। এ লক্ষ্যে ১৪ জুন ২০২২ তারিখ দিবাগত রাত ১২:০০টা-কে 'শুমারি রেফারেন্স পয়েন্ট/ সময়' হিসেবে ধার্য করা হয়েছে। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন।

০২। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর জন্য একটি ওয়েবভিত্তিক Integrated Census Management System (ICMS) প্রস্তুতসহ Geographical Information System (GIS) পদ্ধতি ব্যবহারপূর্বক গণনা এলাকার বিভিন্ন পর্যায়ের কন্ট্রোল ম্যাপ প্রস্তুত করা হয়েছে। জনশুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমে শুমারি কর্মী হিসেবে সারাদেশে প্রায় ৩ লক্ষ ৭০ হাজার গণনাকারী, ৬৪ হাজার সুপারভাইজার ও বিবিএস এর ৪ হাজার ৫০০ এর অধিক কর্মচারী এ প্রক্রিয়ার সাথে সরাসরি সম্পৃক্ত রয়েছেন। এছাড়াও, বিবিএস বহির্ভূত বিভিন্ন সরকারি দপ্তরের প্রায় ৯০০ জন কর্মচারী জোনাল অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন।

০৩। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক জনশুমারি পরিচালনা করা হলেও একটি সফল জনশুমারি পরিচালনার কাজে সরকারের অন্যান্য মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর, সংস্থার কর্মচারীর পাশাপাশি বিভিন্ন ব্যবসায়িক সংগঠন ও প্রতিষ্ঠান নিয়োজিত থাকেন। আপনার অতি গুরুত্বপূর্ণ দি ফেডারেশান অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)সহ এর আওতাধীন বিভিন্ন ব্যবসায়িক সংগঠন, প্রতিষ্ঠান, চেম্বার, প্রশিক্ষণ একাডেমি ও ইনস্টিটিউট, সংস্থার কর্মচারীসহ দেশের সকল নাগরিকের অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন। সে লক্ষ্যে জনশুমারিতে দেশের সকল নাগরিকের অন্তর্ভুক্তি নিশ্চিতকরণসহ এ বৃহৎ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে আপনার এফবিসিসিআইসহ এর আওতাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠান/ সংস্থাসহ এর মাঠ পর্যায়ের বিভিন্ন ইউনিটে নিয়োজিত কর্মচারীগণকে এ কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ ও সার্বিক সহায়তা নিশ্চিতকরণে আপনার সার্বিক সহযোগিতা একান্ত প্রয়োজন।

০৪। বর্ণিতাবস্থায়, আগামী ১৫ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য জনশুমারি ও গৃহগণনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত মাঠ পর্যায়ে নিয়োজিত শুমারিকর্মীকে তথ্য প্রদানসহ সার্বিক সহায়তা প্রদানের লক্ষ্যে আপনার এফবিসিসিআইসহ এর আওতাধীন সারাদেশে অবস্থিত সকল ব্যবসায়িক সংগঠন, প্রতিষ্ঠান, চেম্বার (সকল জেলা)/ সংস্থার প্রধানকে শুমারিতে তথ্য প্রদানসহ সার্বিক সহযোগিতা ও সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি।

**সংযুক্তি:** মন্ত্রিপরিষদ বিভাগের সভার রেকর্ড নোটস্ অব ডিসকাশনস্ ০১ কপি।

ধন্যবাদান্তে

22.05.022

ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব

সভাপতি
দি ফেডারেশান অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
৬০, মতিঝিল সি/এ
ঢাকা-১০০০।

FBCCI

6560

The Federation of Bangladesh Chambers of Commerce and Industry

০৭ জুন, ২০২২
এফবিসিসিআই/টিএফ/২০২২/৩৫৪

**বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত জনশুমারি ও গৃহগণনা ২০২২ কার্যসূচিতে সার্বিক সহযোগীতা প্রদান।**

সূত্রঃ পরিকল্পনা মন্ত্রণালয়ের ১৭ মে, ২০২২ তারিখের উপানুষ্ঠানিক পত্র নং- ৫২.০১.০০০০.৪০৯.৪৭.২৯৩-৫৩৮২।

মহোদয়,
আসসালামু আলাইকুম।

উপর্যুক্ত বিষয় ও সূত্রানুযায়ী সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আগামী ১৫ থেকে ২১ জুন, ২০২২ তারিখ পর্যন্ত জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে এবং উক্ত কার্যক্রমে এফবিসিসিআই-এর আওতাধীন সকল ব্যবসায়িক সংগঠনের সক্রিয় অংশগ্রহন ও সহযোগীতা চেয়েছে।

জনশুমারি ও গৃহগণনা ২০২২ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে আপনার চেম্বার ও এসোসিয়েশনের পক্ষ থেকে মাঠ পর্যায়ে নিয়োজিত শুমারিকর্মীদের তথ্য প্রদানসহ সার্বিক সহায়তা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ধন্যবাদান্তে,

০৭.৬.২০২২
মোহাম্মদ মাহফুজুল হক
মহাসচিব

বিতরনঃ
১. সভাপতি/চেয়ারম্যান, সকল চেম্বার ও এসোসিয়েশন।

অনুলিপিঃ
১. পিএস টু প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্টবৃন্দ, এফবিসিসিআই

The Federation of Bangladesh Chambers of Commerce and Industry
FBCCI ICON
60, Motijheel Commercial Area,
Dhaka-1000, Bangladesh

88-02-223381470, 223380588, PABX : 02-223350002, 223380103
secretariat@fbcci.org
88-02-9576261
www.fbcci.org